খুলনা বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
(প্রশাসন শাখা)

স্মারক নং খুবি/প্রশা-৭/৮৭-

তারিখ : ১৬-০৯-২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ে চলমান Covid-19 মহামারীর কারণে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় ০১-০৯-২০২০ খ্রি. তারিখ হতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অনলাইন দ্বিতীয় টার্মের শিক্ষা কার্যক্রম শুরু করেছে। এপ্রেক্ষিতে শিক্ষার্থীদের অনলাইনে ক্লাসে যুক্ত হওয়ার সুবিধার্থে স্বল্পমূল্যে ইন্টারনেট ব্যবহারের জন্য গ্রামীণফোনের সাথে আলোচনা হয়েছে। আলোচনা অনুযায়ী আগ্রহী শিক্ষার্থীকে গ্রামীণফোনের নিকট থেকে ১০ (দশ) টাকা মূল্যের একটি SIM ক্রয় করতে হবে। উক্ত SIM ব্যবহারকারী ২২৫ (দুইশত পঁচিশ) টাকার বিনিময়ে ত্রিশ দিনে 30GB data ব্যবহার করতে পারবে। এই data শুধুমাত্র একাডেমিক কার্যক্রম সংক্রান্ত কাজে ব্যবহার করা যাবে। এই SIM এর মাধ্যমে সরাসরি ডায়াল করে কথা বলা যাবে না। এই SIM ক্রয় করতে আগ্রহীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করা Google Form-এ প্রয়োজনীয় তথ্যাদি (NID/Birth Registration Certificate-এর Scanned Copy সহ) আগামী ২৪-০৯-২০২০ খ্রি. তারিখের মধ্যে পূরণ করে জমা (অনলাইনে) দিতে হবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

স্বাক্ষরিত
(প্রফেসর খান গোলাম কুদ্দুস)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং খুবি/প্রশা-৭/৮৭-৩৫৯

তারিখ : ১৬-০৯-২০২০ খ্রি.

অনুলিপি বণ্টন

১. ডিন, সকল স্কুল, খুলনা বিশ্ববিদ্যালয়
২. প্রধান, সকল ডিসিপ্লিন এবং পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, খুলনা বিশ্ববিদ্যালয়
৩. ছাত্র বিষয়ক পরিচালক, খুলনা বিশ্ববিদ্যালয়
৪. শাখা প্রধান, একাডেমিক, খুলনা বিশ্ববিদ্যালয়
৫. সহকারী রেজিস্ট্রার, ইন্টারন্যাশনাল অফিস, খুলনা বিশ্ববিদ্যালয়
৬. সংশ্লিষ্ট নথি
৭. গার্ড ফাইল

১৬/৯/২০২০
(এস এম আবু নাসের ফারুক)
উপ-রেজিস্ট্রার
ও
শাখা প্রধান (প্রশাসন)